# MARKING SCHEME
# CLASS – X (2025 – 2026)
# SUBJECT – BENGALI (CODE NO. – 005)

**সময়- ৩ ঘণ্টা** **সর্বমোট অঙ্ক – ৮০**

**Time : 3 Hours.** **Maximum Marks: 80**

| PART – A : Objective Type Paper ( MCQ) | | | |
|---|---|---|---|
| **Section** | **Question No.** | **Expected Answers / Value Points** | **Distribution of Marks** |
| **A (Unseen Comprehension)** | **1.** | বোধপরীক্ষণ থেকে নির্বাচনমূলক প্রশ্ন (MCQ)<br>প্রতিটি সঠিক উত্তরের জন্য বরাদ্দ নম্বর - 1 | **3x(1x4)=12** |
| | A. I. | C) অতি সাধারণ কাহিনীর মধ্যেকার প্রচ্ছন্ন সম্ভাবনা | |
| | II. | B) ছোটদের উপযোগী বাংলা ভাষায় প্রথম বিজ্ঞান-গ্রন্থমালা রচনার কাজে | |
| | **[CBQ]** III. | B) কারণ (খ) ভুল কারণ (ক) সঠিক | |
| | IV. | C) নূতন | |
| | B. I. | C) বিধুশেখরের | |
| | [**CBQ]** II. | B) মন্তব্য ও কারণ কোনোটিই নিশ্চিত নয়। | |
| | III. | C) কাটা ছেঁড়া পোড়ানো যায় না। | |
| | IV. | B) 'তাহার উপর আবার দেখা যাইতেছে , ঠিক লক্ষ্যভেদ করিয়া এই বাংলাদেশেই খাতাখানা পাঠাইয়া দিয়াছে .........' | |
| | C. I. | B) পারিবারিক ও রাজনৈতিক তথ্যসূত্র | |
| | **[CBQ]** II. | A) কারণ (ক) সঠিক কিন্তু কারণ (খ) ভুল | |
| | III. | B) সহজ আড্ডার চালে লেখা সমাজ ও পরিপার্শ্বের কথা | |
| | IV. | C) গো + এষণা | |
| **B (Grammar) (MCQ)** | **2.** | • প্রদত্ত বিকল্পগুলি থেকে সাধু/চলিত রূপান্তরের সঠিক উত্তর নির্বাচন করতে হবে। **(MCQ)**<br>• **পাঁচটির** মধ্যে যেকোনও **তিনটির** সঠিক উত্তর নির্বাচন করতে হবে।<br>• প্রতিটি সঠিক উত্তরের জন্য বরাদ্দ নম্বর -1 | **1x3=3** |

| | | | |
|---|---|---|---|
| | I. | C) সব লুটিয়া লইব তাহার। | |
| | II. | D) যেখানে ওর কিছু বলবার দরকার নেই, সেখানেও কথা বলে ফেলে। | |
| | III. | C) কারণ (খ) সঠিক কিন্তু কারণ (ক) ভুল | |
| | IV. | B) হতে | |
| | V. | B) যদি আমি তুমি কবিতা লেখা অভ্যাসও করি তাহলে বুঝি কালিদাস হতে পারব? | |
| **C**<br>**(Main Course Book)**<br>**(MCQ)** | **3.** | • গদ্যের অন্তর্গত প্রদত্ত বিকল্পগুলির মধ্যে থেকে সঠিক উত্তরটি বেছে লিখতে হবে।<br>• **আটটির** মধ্যে যেকোনও **ছ'টির** সঠিক উত্তর নির্বাচন করতে হবে।<br>• প্রতিটি সঠিক উত্তরের জন্য বরাদ্দ নম্বর -1 | **1X6 =6** |
| | I. | B) যখন কারুর উপস্থিতি টের পেয়েছিল এবং কাশির আওয়াজ শুনেছিল | |
| | II.<br>**[CBQ]** | B) কারণ (ক) এবং কারণ (খ) দুটিই ভুল | |
| | III. | C) বাড়ির সকলেই যখন তপনের গল্প পত্রিকায় প্রকাশিত হওয়ার জন্য নতুন মেসোর কৃতিত্ব আর মহত্ত্বকেই প্রাধান্য দিতে থাকে। | |
| | IV. | D) জগদীশবাবু বিরাগীর কাছে কিছু উপদেশ শুনতে চান। | |
| | V.<br>**[CBQ]** | C) মনে মনে সে চেয়েছিল আসল জায়গায় তার গল্পটি কদর পাবে। | |
| | VI. | B) রামবাবুর গাই - এর বাচ্চা হওয়ায় তাতে ব্যস্ত হয়ে পড়েন। | |
| | VII. | D) কারণ (ক) এবং কারণ (খ) দুটিই সঠিক | |
| | VIII. | D) তার হাসপাতালের চাকরিটি চলে গিয়েছিল। | |
| **(Supplementary Reader/Non-detailed Text)**<br>**(MCQ)** | **4.** | • গল্পগুচ্ছ (সহায়ক পাঠ) থেকে প্রদত্ত বিকল্পগুলির মধ্যে থেকে সঠিক উত্তর বেছে লিখতে হবে।<br>• **ছ'টির** মধ্যে যেকোনও **চারটির** সঠিক উত্তর নির্বাচন করতে হবে।<br>• প্রতিটি সঠিক উত্তরের জন্য বরাদ্দ নম্বর -1 | **1X4 =4** |
| | I. | D) সে জায়গায় পাকা রাস্তা বা অট্টালিকা নির্মিত হলে। | |
| | II.<br>**[CBQ]** | C) উদ্ধত - অপ্রতিভ | |
| | III<br>**[CBQ]** | C) কারণ (ক) ও (খ) কোনওটিই গ্রহণযোগ্য নয়। | |

| | | | |
|---|---|---|---|
| | IV. | B) রাধামুকুন্দ সমস্যার যে সমাধান নির্ণয় করেছিলেন তাতে **শশিভূষণ** রাজি হলেন না। | |
| | V.<br>**[CBQ]** | B) কাবুলিওয়ালার ঝোলার মধ্যে তার মতো দু'চারটে জীবিত মানবসন্তান পাওয়া যেতে পারে। | |
| | VI. | C) দক্ষিণা , পয়সা - কাপড় | |
| | **PART – B : Descriptive paper :** | | |
| **PART – B**<br>**B**<br>**Grammar** | **5.** | • সন্ধিবদ্ধ করা বা সন্ধি বিচ্ছেদের ক্ষেত্রে সঠিক উত্তরটি লিখতে পারলে 1 নম্বর।<br>• সন্ধিবিচ্ছেদের ক্ষেত্রে **চারটির** মধ্যে যে কোনও **দু'টির** উত্তর লিখতে হবে।<br>• সন্ধিবদ্ধ করার ক্ষেত্রেও **চারটির** মধ্যে যে কোনও **দু'টির** উত্তর লিখতে হবে।<br>**<u>উত্তর সঙ্কেত</u> :**<br>**<u>5A</u>** যথাক্রমে :<br>সৎ + চরিত্র = সচ্চরিত্র<br>চার + টি = চাট্টি<br>চতুঃ + আনন = চতুরানন<br>বাক্ + নিষ্পত্তি = বাঙ্‌নিষ্পত্তি<br>**<u>5B</u>** যথাক্রমে :<br>ষড়ঙ্গ = ষট্ + অঙ্গ<br>কোত্থেকে = কোথা + থেকে<br>উল্লম্ব = উদ্ + লম্ব<br>আয়ুষ্কাল = আয়ুঃ + কাল | **1X2=2**<br><br>**1X2=2** |
| | **6.**<br>**[CBQ]** | • রেখাঙ্কিত পদের ব্যাসবাক্যসহ সমাস নির্ণয়ের ক্ষেত্রে ব্যাসবাক্য এবং সমাসের নাম সঠিক লিখতে পারলে 1 নম্বর।<br>• সমাসের নাম সঠিক অথচ ব্যাসবাক্য ভুল হলে অথবা সমাসের নাম / উপশ্রেণীর নাম ভুল অথচ ব্যাসবাক্য সঠিক হলে (0.5) নম্বর পাওয়া যাবে।<br>(উপশ্রেণীর নাম লেখা আবশ্যিক নয়)<br>• **পাঁচটির** মধ্যে যেকোনও **তিনটি** প্রশ্নের উত্তর লিখতে হবে।<br>**<u>উত্তর সঙ্কেত</u>** :<br>A. <u>মহারাজ</u> = মহান্ যে রাজা, কর্মধারয় সমাস . | **1X3 =3** |

| | | | |
|---|---|---|---|
| | | B. <u>দুর্ভিক্ষের</u> = ভিক্ষার অভাব, অব্যয়ীভাব সমাস, তার<br>C. <u>তোমরা</u> = তুমি ও সে, দ্বন্দ্ব সমাস<br>D. <u>উপাচার্যের</u> = আচার্যের সদৃশ,অব্যয়ীভাব সমাস , তাঁর<br>E. <u>জলদগম্ভীর</u> = জলদের ন্যায় গম্ভীর, কর্মধারয় | |
| | **7.** | • নির্দেশানুসারে বাক্যের সঠিক রূপান্তর করলে 1 নম্বর।<br>• **পাঁচটির** মধ্যে যেকোনও **তিনটি** প্রশ্নের উত্তর লিখতে হবে।<br>**<u>উত্তর সঙ্কেত</u>** :<br>A.যেই বৃষ্টি নামলো অমনি দৌড় লাগালাম।<br>B. অর্থ থাকলেও তাদের সামর্থ্য নেই।<br>C. তুমি কষ্ট ভোগ করিয়াছো এবং তাহা তোমারই কৃতকর্মের ফল।<br>D. যখন টিফিনের সময় হতো তখন দুজনে একসঙ্গে জলযোগ করতো।<br>E. অন্ধকার হলে গৌরবী আর হারা গ্রাম ছেড়ে শহরে পালিয়ে গেলো । | **1X3=3** |
| **C**<br>**Main Course Book & Supplementary Reader/ Non-detailed Text** | **8.** | "....সেদিন হরিদার রোজগার মন্দ হয়নি" – কোন্ ঘটনার প্রতি লেখকের এই ইঙ্গিত?<br><br>সুবোধ ঘোষের বহুরূপী গল্পের কেন্দ্রীয় চরিত্র হরিদার শখ ও পেশা হলো বহুরূপী সাজা। সেই সূত্রেই একদিন বাইজি সেজে যখন রাস্তায় বের হন তখন চরিত্রগুণে ও হরিদার সাজের দক্ষতায় সকলেই হতবাক ও মোহিত হয়। তারই প্রাপ্তি স্বরূপ সেদিন হরিদা আট টাকা দশ আনা লাভ করেন, যা ছিল হরিদার কাছে স্বাভাবিকত্বের বাইরে। | **(2)** |
| | **9.** | a) 'আমি একটু অবাক হয়ে গেলাম।'-- বক্তার বিস্ময়ের কারণ কি?<br><br>বনফুলের লেখা 'আলোবাবু 'গল্পে আলোবাবু হলেন সমাজের আর পাঁচজন মানুষের মাঝে স্বভাবগুণে কিছুটা ব্যতিক্রমী। সংসারে ভালোবাসা প্রাপ্তির ক্ষেত্র খুবই কম, তাই জীব ও জড় যে কোনো বস্তুর প্রতি তার আন্তরিক টান | **3X2=6** |

| | | | |
|---|---|---|---|
| | | বর্তমান। সেরকমই একটি ঘড়ির প্রতি তার গভীর স্নেহ বক্তাকে বিস্মিত করেছিল। অতি যত্নে সেটি রক্ষিত ছিল। সেটিকে সঠিক সময়ে দম দেওয়াটা হলো আলোবাবুর কাছে কোন সজীব বস্তুকে খাবার খাওয়ানোর সামিল। পাঠ্যে উক্ত দিনে সেই সময় অতিবাহিত হয়ে যাওয়ায় তার উদ্বিগ্ন অবস্থা ছিল চোখে পড়ার মতো।<br><br>9b). ইসাবের মতো নতুন জামা কিনে দেবার জন্য অমৃত কীভাবে তার বাবা-মাকে রাজি করিয়েছিল?<br><br>পান্নালাল প্যাটেলের লেখা 'অদল বদল' গল্পে অমৃত, ইসাবের মতো জামা না পেলে প্রথমে স্কুলে যাওয়া বন্ধ করার ভয় দেখায়– জামার ছেঁড়া অংশটিকে আরো ছিঁড়ে দেয়–মারের ভয় দেখিয়েও তাকে নিরস্ত করা যায়নি– শেষে স্কুল যাওয়া বন্ধ করে দিয়ে, খাওয়া ছেড়ে দিয়ে এবং রাত্রেও বাড়ি না ফেরায় অনন্যোপায় মা অমৃতের বাবাকে নতুন জামা কিনে দিতে রাজি করান – ইসাবের বাবার গোয়ালঘর থেকে অবশেষে আত্মগোপন করে থাকা অমৃতকে তার বাবা বাড়ি ফিরিয়ে আনেন । | |
| | **10.** | a) 'সন্ধ্যাতারা' পত্রিকা নিয়ে যে মুহূর্তে তপনের ছোটমেসো তাদের বাড়িতে আসেন সেই মুহূর্তে তপনের মানসিক অবস্থার বর্ণনা দাও।<br>b). এর পরবর্তী ঘটনাক্রম গল্পের নামকরণকে কীভাবে সমর্থন করেছে ?<br><br>a) আশাপূর্ণা দেবীর জ্ঞানচক্ষু গল্পে কিশোর তপনের ঐকান্তিক ইচ্ছা ছিল লেখক হওয়ার। তাই একটি গল্প লিখে সে তার লেখক ছোটমেসোকে দেখায় ও তিনি তা 'সন্ধ্যাতারা পত্রিকা'য় ছাপিয়ে দেওয়ার আশ্বাস দেন । সেই প্রতীক্ষাতেই সে দিন গুনছিল। তাই যেদিন 'সন্ধ্যাতারা' পত্রিকা নিয়ে ছোট মাসি ও মেসো তাদের বাড়ি আসে তখন তার বুকের রক্ত ছলকে ওঠে। ছাপার অক্ষরে তার নামাঙ্কিত গল্প হাজার হাজার কিশোরের হাতে পৌঁছবে - এই সত্য তার অলৌকিক বলে মনে হওয়ায় সে রোমাঞ্চিত হয়।<br>b) তপনের লেখা গল্প সন্ধ্যাতারা পত্রিকায় প্রকাশের পর বাড়ির সকলে তার কৃতিত্ব যখন | **( 2+3=5)** |

| | | | |
|---|---|---|---|
| | (CBQ)→ | ছোট মেসোকেই দেন, কারণ গল্পটি ছোট মেসোর 'কারেকশনে'র জন্যই প্রকাশযোগ্য হয়েছে, তখন তপনের গল্প প্রকাশিত হওয়ার যে উচ্ছ্বাস ও আনন্দ হওয়া উচিত ছিল তা অনেকাংশেই ম্লান হয়ে যায় - উপরন্তু মায়ের অনুরোধে গল্পটি পাঠ করার সময় যখন দেখে গল্পটি আগাগোড়াই রূপান্তরিত তখন তার জ্ঞানচক্ষু উন্মীলিত হয়।সে প্রতিজ্ঞা করে ভবিষ্যতে যদি গল্প প্রকাশের প্রয়োজন হয় তখন সে কারোর সাহায্যের প্রত্যাশা করবে না,সাবলম্বী হবে।<br><br>**OR**<br><br>".....টাকা-ফাকা কী করে স্পর্শ করি বল?"<br>a) কোন্ প্রসঙ্গে কার এই মন্তব্য?<br>b) উল্লিখিত মন্তব্যের সূত্রে বক্তার কোন্ জীবনদর্শনের পরিচয় পাওয়া যায় ?<br><br>a).সুবোধ ঘোষের 'বহুরূপী' গল্পে জগদীশ বাবুর বাড়িতে আগত বিরাগী যে আসলে হরিদা , সেকথা কথক ও তার বন্ধুরা বুঝতে পারেনি। তবে তার বাড়িতে গিয়ে মাদুরের উপর পড়ে থাকা সাদা উত্তরীয়, ঝোলা এবং গীতা দেখে অনাদি, ভবতোষ প্রমুখ অত্যন্ত অবাক হয় – বিস্ময়ের প্রাথমিক ঘোর কাটিয়ে অনাদি যখন জগদীশবাবুর দেওয়া অর্থ প্রত্যাখ্যান করার কারণ জিজ্ঞাসা করে তখন হরিদা বিরাগীর সাজে অর্থ গ্রহণে অনীহার কথা প্রসঙ্গে উল্লিখিত মন্তব্য করেন ।<br><br>b) দারিদ্র্যের ভ্রূকুটি সত্ত্বেও একঘেয়ে কাজ হরিদার স্বভাববিরুদ্ধ - কারণ একজন যথার্থ শিল্পীর মতোই হরিদা জীবনের অভাব বা চাহিদাপূরণের ঊর্ধ্বে স্থান দিয়েছিলেন তার শিল্পকে– তাই জগদীশবাবুর কাছ থেকে মোটা টাকা আদায়ের প্রাথমিক ইচ্ছা থাকলেও সন্ন্যাসীর বেশধারণের পর জাগতিক আকাঙ্ক্ষা থেকে বৈরাগ্যে উত্তরণ ঘটে নির্লোভ হরিদার – মোহমুক্ত সন্ন্যাসীর মতোই জগদীশবাবুর দেওয়া টাকা স্পর্শ করতে বাধে তার। একদিকে শিল্পের প্রতি দায়বদ্ধতা ও বিশ্বস্ততা অন্যদিকে সন্ন্যাসীসুলভ বৈরাগ্য ও নিরাসক্তি দিয়ে অর্থের প্রলোভনকে জয় করেন তিনি। | (3+2=5) |

| | | | |
|---|---|---|---|
| | **11. (CBQ)** | **সপ্রসঙ্গ ব্যাখ্যা লেখো –**<br><br>" অস্ত্র রাখো , অস্ত্র ফ্যালো পায়ে<br>বর্ম খুলে দ্যাখো আদুড় গায়..."<br><br>উৎস - পঙ্‌ক্তিগুলি কবি জয় গোস্বামী রচিত 'অস্ত্রের বিরুদ্ধে গান' কবিতার অন্তর্গত।<br><br>প্রসঙ্গ- হিংসার রক্তস্রোতকে প্রতিহত করার জন্য প্রয়োজন মনুষ্যত্বের সুরক্ষা বর্ম । বিশ্বজুড়ে স্বৈরাচারী শক্তির দাপট অব্যাহত - হিংসা,লড়াই থামিয়ে অস্ত্র সমর্পনের আহ্বান প্রসঙ্গেই কবির এই উক্তি।<br><br>ব্যাখ্যা- মানবিকতাই মানব সভ্যতার সুরক্ষা বর্ম যন্ত্রণার প্রতিষেধক হিসাবে মনুষ্যত্বের গানই একমাত্র অবলম্বন। অস্ত্র ত্যাগ করে অনাবৃত হৃদয়ে ভালোবাসার মন্ত্রে দীক্ষিত হতে বলেছেন কবি। পৃথিবীর চরম সংকটের মুহূর্তে সব আগ্রাসন থেকে মুক্তি পেতে যুদ্ধ বিরোধী মানবতার গানই হতে পারে প্রধান হাতিয়ার।<br><br>**OR**<br><br>" আমাদের কথা কে-বা জানে<br>আমরা ফিরেছি দোরে দোরে।"<br><br>উৎস- শঙ্খ ঘোষের লেখা 'আয় আরো বেঁধে বেঁধে থাকি' কবিতার অন্তর্গত।<br><br>প্রসঙ্গ- সাম্রাজ্যবাদী শক্তির আগ্রাসনক্লিষ্ট পৃথিবীতে স্বৈরাচারী শাসন ব্যবস্থায় সাধারণ মানুষের অস্তিত্বের সংকট ও বিপন্নতা প্রসঙ্গে এই উক্তি।<br><br>ব্যাখ্যা- জাতির ইতিহাস তার ভবিষ্যৎ গঠন করে। সেই ইতিহাস যদি গড়ে ওঠে বিকৃতি ,অবহেলা ,আত্ম-অবমাননা ও উপেক্ষা দিয়ে তাহলে তার অস্তিত্ব স্বীকৃতি পায় না। যথার্থ মানুষের ইতিহাস রয়ে গেছে উপেক্ষিত ও অধরা। স্বৈরাচারী রাষ্ট্রনায়ক পরিচালিত পৃথিবীতে সাধারণ মানুষ সার্বিক আত্মপরিচয় হারিয়ে মৃতপ্রায় - ভিখারীবৃত্তিতে অভ্যস্ত অসহায় মানুষের খবর কেউ রাখে না । এই সংকট থেকে বেরিয়ে আসার একমাত্র উপায় হল সঙ্ঘবদ্ধ প্রতিরোধ গড়ে তোলা। | **(5x1)** |

| | | | |
|---|---|---|---|
| | | উৎস – 1 নম্বর<br>প্রসঙ্গ – 1 নম্বর<br>ব্যাখ্যা - 3 নম্বর<br>উপস্থাপনার মান অনুযায়ী পূর্ণ নম্বর প্রাপ্য। | |
| | **12. (CBQ)** | " শক্ত- সবুজ গাঁ ভেসেছে তিন পাহাড়ের কোলে"<br><br>a) ' শক্ত- সবুজ গাঁ ' বলতে কি বোঝানো হয়েছে ?<br><br>b) কবিতার বিষয়বস্তুর সঙ্গে তা কিভাবে সংযুক্ত হয়েছে?<br><br>a)কবি শক্তি চট্টোপাধ্যায়ের 'তিন পাহাড়ের কোলে' কবিতায় নগর জীবনের একঘেয়ে যান্ত্রিকতায় ক্লান্ত তিন হাওয়াবিলাসী মানুষ মধ্যরাতের বিজন অন্ধকারে তিন পাহাড় অঞ্চলে নামে– ভোরের আলোর স্পষ্ট হয় তিন পাহাড়ের কোলের প্রকৃতিলগ্ন জীবন–একদিকে শ্যামল অরণ্যানী অন্যদিকে পাথুরে কঠিন ধূসর পার্বত্যভূমি – নিবিড় বনভূমি লালিত, সরল মানুষদের প্রাত্যহিক জীবনও কঠিন,পরিশ্রমসাধ্য অথচ দৃঢ়প্রত্যয়ী –সেই প্রসঙ্গেই এই পঙ্‌ক্তি।<br><br>b) শহরের বন্দি জীবন থেকে মুক্তি লাভের জন্য তিন শহুরে ভ্রমণপিপাসু মানুষের তিন পাহাড়ে আগমন।এ যেন প্রতিটি মুক্তিকামী ব্যক্তিরই সহজ আকাঙ্ক্ষা। রাত্রিকালীন অন্ধকার যখন দূরীভূত হয়ে সূর্যের আলো স্পষ্ট হয়ে ওঠে চারদিক তখন তারা দেখতে পান তিন পাহাড়ের কোলের সৌন্দর্যের ফ্রেমে বাঁধানো গ্রামখানির সহজ সরল প্রাণবন্ত প্রকৃতিলালিত মানব জীবনের নক্‌শী -কাঁথাখানি। | **2+3=5** |

| | | | |
|---|---|---|---|
| | | **OR**<br><br>a) ' একাকারে' কবিতায় হিন্দু - মুসলমান দুই জাতের মধ্যে আপাত কোন্ কোন্ বিভিন্নতার উল্লেখ করা হয়েছে ?<br><br>b) এই বাহ্যিক ভিন্নতা কিভাবে 'একাকারে মিলিয়ে যাচ্ছে ' ?<br><br>a)'একাকারে ' কবিতায় কবি সুভাষ মুখোপাধ্যায় হিন্দু ও মুসলমান এই দুই ধর্মাবলম্বী মানুষের আচরণ - অভ্যাসগত, ভাষাগত কিছু বৈসাদৃশ্যের উল্লেখ করেছেন। যেমন হিন্দুদের কাছে যা জল তাই মুসলমানের কাছে পানি । হিন্দুদের মা মুসলমানদের কাছে আম্মা হিসেবে সম্বোধিত। মুসলমানদের ধর্মীয় গ্রন্থ কোরান আর হিন্দুদের শাস্ত্র হল উপনিষদ– ভোরের আজান আর প্রভাতফেরির মধ্যেও সেই পার্থক্য বর্তমান।<br><br>b) এই আপাত বা বাহ্যিক ভিন্নতা থাকলেও জীবন প্রতিষ্ঠার জন্য তাদের আর্তি এক - সন্তানের জন্য মায়ের মঙ্গল কামনাও একই মাতৃহৃদয় উৎসারিত, ধর্মীয় আচরণে পার্থক্য থাকলেও উদ্দেশ্য ও ফলশ্রুতি এক। জাতি বৈরিতা ও বিভেদের ঊর্ধ্বে মানবমঙ্গলের জন্য প্রার্থনার একাগ্রতা এক অখণ্ড মানবতার সুরে মিলে যায়। | |

| | | | |
|---|---|---|---|
| | **13.**<br><br>**(CBQ)** | 'নদীপ্রবাহে ভাসমান পথিকের উদাস হৃদয়ে এই তত্ত্বের উদয় হইল'-<br>a) উদ্দিষ্ট ব্যক্তির মনে কখন কোন্ তত্ত্বের উদয় হয়েছিল ?<br>b) এই সূত্রে তার মানসিকতার কেমন পরিচয় পাওয়া যায়? (2+3=5)<br><br>a)পোস্টমাস্টার গল্পে নতুন পোস্টমাস্টারকে দায়িত্ব বুঝিয়ে দিয়ে নৌকা ক'রে বাড়ি ফেরার পথে নদীবক্ষে রতনের করুণ মুখখানি মনে পড়লে পোস্টমাস্টারের ইচ্ছে হয়েছিল ফিরে গিয়ে 'জগতের ক্রোড়বিচ্যুত সেই অনাথিনী'কে সঙ্গে করে নিয়ে আসবেন– তখনই মনে এই তত্ত্বের উদয় হয় যে জীবনে বিচ্ছেদ,মৃত্যু অনিবার্য। তাই ফিরে যাওয়া অর্থহীন। পৃথিবীতে কেউ কারো নয় ।<br><br>b) উলাপুর গ্রামের পরিবেশকে মানিয়ে নিতে পারেননি পোস্টমাস্টার - সেই সময় রতন তার ঐকান্তিক সেবা, নিষ্ঠা,আন্তরিকতা দিয়ে হয়ে উঠেছিল তার একান্ত আপনজন । পোস্টমাস্টার রতনের ক্ষুদ্র হৃদয়ে সম্পর্কের বেড়া ভেঙে তার 'দাদাবাবু' হয়ে উঠেছিলেন– কিন্তু বাস্তবে পোস্টমাস্টার নিজে তাঁর অবস্থান থেকে সরেননি - রতনের 'প্রভু' হয়েই থেকে গেছেন। নৌকায় বাড়ি ফেরার পথে যখন ফিরে গিয়ে রতনকে নিয়ে আসার ইচ্ছা মনে জাগলেও অদ্ভূত উদাসীনতায় দার্শনিক তত্ত্বের সাহায্যে সেই ইচ্ছাকে প্রতিহত করেন পোস্টমাস্টার - মনে হয়েছিল, ফিরে যাওয়া অর্থহীন, কারণ পৃথিবীতে কেউ কারো নয়। হৃদয়-দৌর্বল্য নয় বরং এক আশ্চর্য নির্লিপ্তি, ঔদাসীন্য আর বাস্তববাদী মানসিকতার প্রতিফলন এই লক্ষিত এই উপলব্ধিতে। | **2+3=5**<br><br>**2+3=5** |
| | **14.** | .'দেখিয়া আমার চোখ ছল্ ছল্ করিয়া আসিল"' –<br>a) কী দেখে বক্তার এই প্রতিক্রিয়া?<br>b) এই সময় তিনি কোন্ উপলব্ধিতে উপনীত হয়েছিলেন?<br><br>a) কাবুলিওয়ালা গল্পে দীর্ঘ কারাবাসের পর কিছু আঙুর আর কিসমিস নিয়ে রহমত মিনির সঙ্গে দেখা করতে আসে - সেদিন ছিল তার বিবাহ – কথক সেগুলির দাম দিতে চাইলে ভিন্‌দেশী কাবুলি জানায় তারও মিনির বয়সী একটি মেয়ে আছে -- কন্যাসমা মিনির জন্য আনা সামান্য ওই | **2+3=5** |

| | | | |
|---|---|---|---|
| | (CBQ) | বস্তুর দাম নিতে রাজি হয় না সে - বরং সযত্ন রক্ষিত জীর্ণ একটি কাগজে তার পর্বতবাসিনী কন্যার ভুসা মাখানো একটি হাতের ছাপ কথককে দেখায় – অসহায় পিতার কাছে থাকা তার কন্যার সামান্য স্মরণচিহ্নটুকু দেখে কথকের এই প্রতিক্রিয়া।<br>b) কথক অনুভব করেন কিছুক্ষণ বাদেই তার কন্যাও পিত্রালয় ছেড়ে শ্বশুরগৃহে চলে যাবে– তাঁর হৃদয়েও বিচ্ছেদ বেদনা অনুভূত হয় – পর্বতগৃহবাসিনী কন্যাকে দীর্ঘ অদর্শনে কাবুলিওয়ালাও বিচ্ছেদ ব্যথা বুকে লালন করে দীর্ঘ সময় ভিন্‌দেশে কাটিয়েছে –দুটি অসহায় পিতৃহৃদয়ের সেই বেদনা যেন জাতি-ধর্ম-বর্ণ তথা আভিজাত্যের সব বিভেদ মুছে সমীকৃত হয়ে যায় – দুই পিতা তাদের অসহায়ত্ব নিয়ে একে অপরের মুখোমুখি দাঁড়ায় - সেই সময় কথকের অনুভব, 'সেও পিতা আমিও পিতা'। | |
| | (CBQ) | <u>OR</u><br>'এক্ষণে রাসমণির অবস্থা পূর্বের ঠিক বিপরীত'--<br>a) 'এক্ষণে' বলতে কোন্‌ সময়ের কথা বলা হয়েছে?<br>b) রাসমণির 'বিপরীত' অবস্থাটি কেমন ছিল পাঠ্য গল্প অনুসরণে লেখো।<br><br>a) 'দান-প্রতিদান' গল্পে জমিদারী সম্পত্তি নিলাম হয়ে যাওয়ার পর রাধামুকুন্দ স্বাধীন উপার্জন শুরু করে– নিকটবর্তী শহরে মোক্তারি ক'রে তীক্ষ্ণবুদ্ধি রাধামুকুন্দ অচিরেই পসার জমিয়ে তুলে সংসারের সমস্ত ব্যয়ভার ও দায়িত্ব নিজের কাঁধে তুলে নিল– "এক্ষণে' বলতে সেই সময়ের কথা বোঝানো হয়েছে।<br><br>b) রাধামুকুন্দ সংসারের দায়িত্বভার গ্রহণ করায় ব্রজসুন্দরী ও শশিভূষণ তাদের উপর নির্ভরশীল হয়ে পড়লেন ঠিকই তবে রাসমণির অবস্থার তেমন উন্নতি হয়নি–স্বামীর উপার্জিত অর্থে সংসার চললেও সংসারের কর্তৃত্ব ব্রজসুন্দরীর হাতেই ছিল–রাধামুকুন্দ সব অর্থ বড়গিন্নির হাতেই দিতেন। কোনও একদিন বড়গিন্নির ইচ্ছার বিরুদ্ধে কাজ করায় রাধামুকুন্দ তাকে পিত্রালয়ে পাঠিয়ে দিতে উদ্যত হয়েছিলেন–বড়গিন্নির অনুরোধে রাধামুকুন্দ নিরস্ত হয়েছিলেন। তাই রাসমণিকে আরো বেশি তার কাছে নত হয়ে থাকতে হতো। | **2+3=5** |

| | | | |
|---|---|---|---|
| **D**<br>**Creative Writing** | **15.**<br><br>**(CBQ)** | পত্ররচনা – সম্পাদকের কাছে।<br>• অবয়ব সংস্থান – সম্বোধন, পত্রিকার নাম ও ঠিকানা, তারিখ, বিষয়, সমাপ্তিসূচক পদ, প্রেরকের ঠিকানার সম্পূর্ণ উল্লেখ থাকলে 3 নম্বর প্রাপ্য। প্রতি বিষয়ের জন্য বরাদ্দ 0.5 নম্বর।<br>• পত্রের বিষয়বস্তুর জন্য 3 নম্বর বরাদ্দ।<br>• বক্তব্য প্রশ্নানুগ হলে ন্যূনতম 2.5 নম্বর প্রাপ্য।<br>যথাযথ উপস্থাপনা ও ভাষাগত দক্ষতা বজায় থাকলে পুরো 3 নম্বর প্রাপ্য। | |
| | **16.**<br><br>**(CBQ)** | অনুচ্ছেদ রচনা –<br>• প্রশ্নানুগ ও যথাযথ বিষয় উপস্থাপনার জন্য 3 নম্বর বরাদ্দ।<br>• আঙ্গিক ও ভাষাগত দক্ষতার জন্য 3 নম্বর বরাদ্দ।<br>উল্লিখিত শর্তপূরণে পূর্ণ মান দেওয়া যেতে পারে। | |